

নারায়ণগঞ্জ মহানগরের সিদ্ধিরগঞ্জে একটি হাফেজিয়া মাদরাসায় দুষ্টুমির শাস্তি হিসেবে হাসিব নামে ৯ বছরের এক শিশু ছাত্রকে অমানুষিক নির্যাতনের অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত মাদরাসা শিক্ষক আব্দুর রহমানকে (৩২) গ্রেপ্তার করেছে থানার পুলিশ। গতকাল বৃহস্পতিবার দুপুরে শিশুটির বাবা বাদী হয়ে সিদ্ধিরগঞ্জ থানায় মামলা দায়ের করলে তাঁকে আদালতে পাঠানো হয়।

পুলিশ ও এলাকাবাসী জানায়, গত বুধবার রাতে বাদ এশা মহানগরের সিদ্ধিরগঞ্জের ১ নম্বর ওয়ার্ডের হিরাবিল আবাসিক এলাকার ২ নম্বর রোডের ২ নম্বর বাড়িতে অবস্থিত আন-নাজাহ মাদরাসায় এ ঘটনা ঘটে। নির্যাতিত শিশুটি ৮ নম্বর গলির ইউনিচ মিয়ার বাড়ির ভাড়াটিয়া কামাল হোসেনের ছেলে। অভিযুক্ত মাদরাসা শিক্ষক আব্দুর রহমান হবিগঞ্জ জেলার চুনারংগাট থানার হাতুণা এলাকার মিস্বর আলীর ছেলে। মাদরাসায় শিশু নির্যাতনের এ বর্বর ঘটনাটি ছড়িয়ে পড়লে সর্বত্রই তীব্র সমালোচনা ও নিন্দার বড় বইছে। স্থানীয় লোকজন এই ন্যকারজনক ঘটনার দৃষ্টান্তমূলক বিচার দাবি করেছে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্রক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্রক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্রক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)